গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৩.৯৯.০১২.২২.৯৯৭ তারিখ: ৩০ মাঘ, ১৪২৮ বঙ্গাব্দ। ১৩ ফেব্রুয়ারি, ২০২২ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ গাইবান্ধা পৌরসভার মালিকানাধীন নতুন বাজারস্থ আয়ুর্বেদিক মার্কেট ও পৌর ভবনের দ্বিতল ভবন কনডেম ঘোষণা প্রসংগে।

সূত্র: জেলা প্রশাসক, গাইবান্ধা কার্যালয়ের স্মারকনং-৩৭, তারিখঃ ১১ জানুয়ারি, ২০২২ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রস্থ পত্রে উল্লিখিত ঝুঁকিপূর্ণ ভবন দু'টির যে প্রাক্কলন করা হয়েছে তার নির্ধারিত স্থানে মেয়র, গাইবান্ধা পৌরসভার স্বাক্ষর নেই। এ ছাড়া উক্ত প্রাক্কলনের প্রতি পৃষ্ঠায় সংশ্লিষ্ট কর্মকর্তাগণের স্বাক্ষর নাই। ফলে সূত্রস্থ স্মারকে প্রেরিত প্রাক্কলনটি যথাযথভাবে করে পুনরায় জেলা কনডেমনেশন কমিটির অনুমোদন গ্রহণপূর্বক প্রেরণ করা প্রয়োজন।

০২। এমতবস্থায়, জেলা প্রশাসক, গাইবান্ধা এর প্রস্তাবের ছায়ালিপি মেয়র, গাইবান্ধা পৌরসভার নিকট প্রেরণপূর্বক সূত্রস্থ পত্রে উল্লিখিত ঝুঁকিপূর্ণ ভবন দু'টির যে প্রাক্কলন করা হয়েছে তার নির্ধারিত স্থানে মেয়র, গাইবান্ধা পৌরসভার স্বাক্ষর করে এবং উক্ত প্রাক্কলনের প্রতি পৃষ্ঠায় সংশ্লিষ্ট কর্মকর্তাগণের স্বাক্ষর গ্রহণ করে প্রাক্কলনটি পুনরায় জেলা কনডেমনেশন কমিটির অনুমোদন গ্রহণপূর্বক স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৩.০২.২০২২

(মোহাম্মদ ফারুক হোসেন)
উপ সচিব
ফোনঃ ৯৫১৪১৪২

মেয়র
গাইবান্ধা পৌরসভা
গাইবান্ধা ।

অনুলিপিঃ

০১। জেলা প্রশাসক, গাইবান্ধা।
০২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৪। অফিস কপি।